



ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ  
শৃংখলা শাখা, প্রশাসন বিভাগ-১  
ওয়াসা ভবন, ৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ,  
কাওরানবাজার, ঢাকা



নম্বর: ৪৬.০৫.০০০০.২১৩.২৭.০৪২.২১.২১৩

তারিখ: ২৩ আশ্বিন ১৪২৮

০৮ অক্টোবর ২০২১

### অফিস আদেশ

জনাব মোঃ আমান উল্লাহ, পাম্প অপারেটর, মজস জোন-৮, ঢাকা ওয়াসা এর বিরুদ্ধে অভিযোগ যে, যথাক্রমে গত ১৬.০৪.২০২১ইং তারিখ রাত ১০:২০ মি:, ১৮.০৪.২০২১ইং তারিখ রাত ১০:২০ মি:, ২২.০৪.২০২১ইং তারিখ রাত ১১:২৭ মি: ও ২৪.০৪.২০২১ইং তারিখ রাত ১২:০৩ মিনিট-এ মেরুল বাড্ডা-৩ নং পানির পাম্প হাউজে রোস্টার অনুযায়ী তার ডিউটি ছিল।

উক্ত তারিখ ও সময়ে ঢাকা ওয়াসার এ্যাডভাইজারী ও মনিটরিং টিম এর সদস্য কর্তৃক মেরুল বাড্ডা-৩ নং পানির পাম্প সরেজমিনে পরিদর্শনে গেলে পাম্প হাউজ তালাবদ্ধ অবস্থায় দেখতে পান এবং তাকে উক্ত পাম্পে ডিউটিতে পাওয়া যায়নি। এছাড়া শূষ্ক মৌসুম শুরুর কারণে অত্র জোনের বিভিন্ন এলাকায় পানি সংকটের ফলে ঢাকা ওয়াসা এবং মজস জোন-৮ এর দায়িত্ব প্রাপ্ত প্রকৌশলী এবং অভিযোগ কেন্দ্র হতে পাম্পে সার্বক্ষণিক উপস্থিত থেকে ডিউটি করার নির্দেশ প্রদান করা হলেও তিনি পাম্পে অনুপস্থিত থেকে এলাকায় পানি সংকট সৃষ্টি করেছেন। কর্তৃপক্ষের কর্মচারী হয়ে পানির পাম্পের মতো গুরুত্বপূর্ণ স্থাপনায় ডিউটি না করে অরক্ষিত অবস্থায় রেখে ডিউটির স্থলে পর পর মোট ৪(চার) দিন অনুপস্থিত থাকা অফিস শৃঙ্খলা পরিপন্থী। এতে সংশ্লিষ্ট এলাকার পানি সরবরাহের বিঘ্নসহ অত্র প্রতিষ্ঠান এর ভাবমূর্তী ও সুনাম ক্ষুন্ন হয়েছে।

তার উক্তরূপ কার্যকলাপ অফিস শৃঙ্খলা পরিপন্থী ও গুরুতর শাস্তিযোগ্য অপরাধের শামিল। যা ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা, ২০১০ এর ৩৮ (খ) প্রবিধিমতে অসদাচরণ বলে গণ্য বিধায় তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং ৩৮/২০২১ রুজু করা হয়। তৎপ্রেক্ষিতে বিভাগীয় মামলার জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীর ইচ্ছা প্রকাশ করায় তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। তার দাখিলকৃত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক হয়েছে।

এমতাবস্থায়, সার্বিক অবস্থা বিবেচনায় নিয়ে জনাব মোঃ আমান উল্লাহ, পাম্প অপারেটর, মজস জোন-৮, ঢাকা ওয়াসাকে সতর্ক করে বিভাগীয় মামলা নং-৩৮/২০২১ এর নিষ্পত্তি করা হলো।

কর্তৃপক্ষের কাজের স্বার্থে এ আদেশ জারী করা হলো। যা অবিলম্বে কার্যকর হবে।



ব্যবস্থাপনা পরিচালক এর অনুমোদনক্রমে,

৮-১০-২০২১

প্রকৌশলী শারমিন হক আমীর  
সচিব

নম্বর: ৪৬.০৫.০০০০.২১৩.২৭.০৪২.২১.২১৩/১(১৪)

তারিখ: ২৩ আশ্বিন ১৪২৮  
০৮ অক্টোবর ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) ডাইরেক্টর (উন্নয়ন), ডাইরেক্টর (উন্নয়ন) এর দপ্তর, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
- ২) ডাইরেক্টর (টেকনিক্যাল), ডাইরেক্টর (টেকনিক্যাল) এর দপ্তর, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
- ৩) ডাইরেক্টর (ফিন্যান্স), ডাইরেক্টর (ফিন্যান্স) এর দপ্তর, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
- ৪) বাণিজ্যিক ব্যবস্থাপক, বাণিজ্যিক ব্যবস্থাপক, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
- ৫) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ), ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
- ৬) প্রধান শৃঙ্খলা কর্মকর্তা, ঢাকা ওয়াসা।
- ৭) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), একাউন্টস ডিপার্টমেন্ট, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
- ৮) প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা, প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
- ৯) উপসচিব, প্রশাসন-২, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
- ১০) নির্বাহী প্রকৌশলী, মডস জোন-৮, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
- ১১) সহকারী সিস্টেম এনালিস্ট, এমআইএস এন্ড বিলিং বিভাগ, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
- ১২) রেকর্ড কিপার (অতিরিক্ত দায়িত্ব), রেকর্ড সেকশন, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
- ১৩) জনাব মোঃ আমান উল্লাহ, পাম্প অপারেটর, মডস জোন-৮, ঢাকা ওয়াসা।
- ১৪) অফিস কপি।

*Shahida*

৮-১০-২০২১

শাহিদা কানিজ

উপসচিব